# Prime Minister's meeting with the President of Guyana on the sidelines of 17th Pravasi Bhartiya Divas

January 09, 2023

## সপ্তদশ প্রবাসী ভারতীয় দিবস অনুষ্ঠানের অবকাশে গায়ানার রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

জানুয়ারী 09, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ইন্দোরে অনুষ্ঠিত সপ্তদশ প্রবাসী ভারতীয় দিবসের অবকাশে গায়ানার রাষ্ট্রপতি ডঃ মোহামেদ ইরফান আলির সঙ্গে সাক্ষাৎ করেছেন। সপ্তদশ প্রবাসী ভারতীয় দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শ্রী আলি ৮-১৪ জানুয়ারি পর্যন্ত সরকারি সফরে ভারতে এসেছেন।

2.বৈঠকে উভয় নেতা জ্বালানি ক্ষেত্রে সহযোগিতা, পরিকাঠামো উন্নয়ন, ওষুধ উৎপাদন, স্বাস্থ্যক্ষেত্র, প্রযুক্তি ও উদ্ভাবন এবং প্রতিরক্ষা ক্ষেত্রে সহযোগিতা সহ বিভিন্ন বিষয়ে সর্বাঙ্গীণ এক আলোচনায় অংশগ্রহণ করেন। তাঁরা ভারত ও গায়ানার জনসাধারণের মধ্যে ১৮০ বছরের পুরনো ঐতিহাসিক সম্পর্কের প্রসঙ্গটি উল্লেখ করেন এবং আগামীদিনে এই সম্পর্ককে আরও মজবুত করার বিষয়ে সহমত পোষণ করেন।

3.রাষ্ট্রপতি আলি ভারতের রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মুর সঙ্গে সাক্ষাৎ করবেন। তিনি ১০ জানুয়ারি প্রবাসী ভারতীয় দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের সমাপ্তি অধিবেশনে উপস্থিত থাকবেন। এই অনুষ্ঠানে প্রবাসী ভারতীয় সম্মান পুরস্কার প্রদান করা হবে। ডঃ আলি ১১ জানুয়ারি ইন্দোরে বিশ্ব বিনিয়োগকারীদের এক সম্মেলনে উদ্বোধনী অনুষ্ঠানেও অংশ নেবেন।

4.তিনি ইন্দোর ছাড়াও দিল্লি, কানপুর, ব্যাঙ্গালোর ও মুম্বাই সফর করবেন।

**ইন্দোর**
**জানুয়ারী 09, 2023**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.